নিজের হাতের উপার্জন থেকে উত্তম খাবার কেউ কখনো খায়নি। আল্লার নবী দাঊদ আলাইহিস সালাম নিজ হাতের উপার্জন থেকে খেতেন।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “দাঊদ আলাইহিস সালাম নিজ হাতের উপার্জন ছাড়া খেতেন না। ”মিকদাম বিন
মা‘দীকারিব রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “নিজের হাতের উপার্জন থেকে উত্তম খাবার কেউ কখনো খায়নি। আল্লাহর নবী দাঊদ আলাইহিস সালাম নিজ হাতের উপার্জন থেকে খেতেন।” [উভয় বর্ণনাসহ সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদেরকে জানিয়েছেন যে, দাঊদ আলাইহিস সালাম নিজ হাতের উপার্জন ছাড়া খেতেন না। দাউদ আলাইহিস সালাম একজন কারিগর ছিলেন। তিনি লৌহবর্মসহ বিভিন্ন যুদ্ধাস্ত্র তৈরি করতেন। যেহেতু আল্লাহর নবীগণ (আলাইহিমুস সালাম) তাদের নিজ হাতের উপার্জন যেমন, শিল্প অথবা কৃষিকাজ অথবা বকরি চড়ানো অথবা অন্যান্য উপার্জন থেকে খেতেন সেহেতু অন্যান্য সৃষ্টির জন্য এ সকল কাজের মাধ্যমে উপার্জন করে মানুষের কাছে চাওয়া থেকে বিরত থাকা আরও বেশি যুক্তিযুক্ত ও মানান সই।

http://sunnah.global/hadeeth/bn/show/3752